

বিস্তিরবাবা যেদিন স্বর্গে গেল

বিস্তির বাবা যেদিনস্বর্গে গেল  
সেদিন থেকে বিস্তিরমা-র  
দিনরাতের হিসাবে মেলে না  
কাকজ্যোৎস্নায় উঠে সেঘরদোর মোছে  
বিস্তির গায়ে কাঁথাটেনে দেয়  
এটা সেটা গুছিয়েরাখে  
মেয়ের জন্য মেথির জল,নিমপাতার রস,  
কাঁচা হলুদ বাটা, শঙ্খেরগুঁড়ো  
যেটাই যখন মনে পড়ে  
রাতভর সেটাই মনেপড়ে

এর পরও যখন রাত যাইযাই করেও  
আলসেমিতে জগদ্দল হয়ে থাক  
বিস্তির মা মেয়েরমুখের দিকে তাকায়

মেয়ের দিকে তাকালেই  
পুব - আকাশে লালচেআলো ফোটে  
জগৎ আরো এক - পা লাট্‌খেয়ে  
ভোরের দিকে এগোয়....

পার্থপ্রিয় বসু

